

2020
BENGALI
[GENERAL]

Paper : I
[OLD SYLLABUS]

Full Marks : 100 Time : 3 Hours

The figures in the right-hand margin indicate marks.

Candidates are required to give their answers in their own words as far as practicable.

- ১। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২০×২=৪০
- ক) উপন্যাস রচনায় শরৎচন্দ্রের প্রতিভার মূল্যায়ন করো।
- খ) দীনবন্ধু মিত্রের নাটকগুলির পরিচয় দিয়ে, তাঁর কৃতিত্বের পরিচয় দাও।
- গ) বাংলা কাব্যের ধারায় নজরুল ইসলামের প্রতিভার বিশ্লেষণ করো।
- ঘ) বাংলা গদ্যের সূচনালগ্নে ফোর্ট উইলিয়াম কলেজের ভূমিকার পরিচয় দাও।
- ২। সংক্ষিপ্ত পরিচয় দাও (যে-কোনো দুটি) : ৫×২=১০
- সীতার বনবাস, বঙ্গদর্শন, সুকান্ত ভট্টাচার্য।
- ৩। ক) উদাহরণসহ সংজ্ঞা লেখো (যে-কোনো দুটি): ৫×২=১০
- উপমা, শ্লেষ, ব্যাজস্তুতি

খ) অ) নিচের যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও:

১২×১=১২

- ১) বাংলা উপভাষা কয় প্রকার ও কী কী? উপভাষাগুলির ভৌগোলিক সীমার পরিচয় দিয়ে বঙ্গালী উপভাষার বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।
- ২) বাংলা শব্দভাণ্ডারের পরিচয় দাও।

আ) নিচের যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

৮×১=৮

- ১) উচ্চারণ স্থান অনুসারে ব্যঞ্জন ধ্বনির শ্রেণীবিভাগ করো।
- ২) সাধু ভাষার সংজ্ঞা, বৈশিষ্ট্য ও উদাহরণ দাও।

গ) অ) ঢীকা লেখো (যে-কোনো দুটি) : ২×২=৪

পর্ব, কলা, চরণ।

আ) যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৮×১=৮

- ১) স্বরবৃত্ত ছন্দের সংজ্ঞা, বৈশিষ্ট্য ও উদাহরণ দাও।
- ২) মাত্রাবৃত্ত ছন্দের সংজ্ঞা, বৈশিষ্ট্য ও উদাহরণ দাও।

ই) নিচের কবিতাংশ থেকে যে-কোনো দু'টির ছন্দোলিপি প্রণয়ন করো : ৪×২=৮

- ১) কাআ তরুবর পঞ্চবি ডাল।
চঞ্চল চীএ পৈঠে কাল।।
- ২) রাত পোহাল, ফরসা হলো, ফুটলো কত ফুল,
কাঁপিয়ে পাখা, নীল পতাকা, জুটলো অলিকুল।

পূর্বভাগে, নবীনরাগে, উঠলো দিবাকর,
সোনার বরণ, তরণ তপন, দেখতে মনোহর।

- ৩) মরিতে চাহিনা আমি সুন্দর ভুবনে,
মানবের মাঝে আমি বাঁচিবারে চাই।
এই সূর্যকরে এই পুষ্পিত কাননে,
জীবন্ত হৃদয় মাঝে যদি স্থান পাই।
